



হাম পরিস্থিতি অবনতির দিকে, নতুন করে ৫ জনের মৃত্যু



ছবি: সংগৃহীত

গত ২৪ ঘণ্টায় দেশে হাম ও এর উপসর্গে আরও ৫ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এর মধ্যে ৪ জনের মৃত্যু হয়েছে উপসর্গ নিয়ে এবং ১ জন নিশ্চিতভাবে হামে আক্রান্ত ছিলেন। মৃতদের মধ্যে ঢাকায় ৩ জন, খুলনায় ১ জন ও চট্টগ্রামে ১ জনের বাসিন্দা ছিলেন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হামের উপসর্গে মৃত্যু হয়েছে ১৯৪ জনের এবং নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ৩৯ জনের।

গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামে নতুন রোগী শনাক্ত হয়েছে ১ হাজার ১৭০ জন, যাদের মধ্যে ৮৪৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। একই সময়ে ল্যাব পরীক্ষায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ১২৫ জন।

সব মিলিয়ে ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক রোগীর সংখ্যা ২৮ হাজার ৩৩৪ জন, আর নিশ্চিত হামে আক্রান্ত ৪ হাজার ৫৯ জন। এ সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে বাড়ি ফিরেছেন ১৫ হাজার ৭২৮ জন রোগী।